

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
বদলগাছী, নওগাঁ।  
www. badalgachi.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৬৪০৬.০০০.০৯-২৯.২০১৭- ৭৩২ (৩৫)

তারিখ: ২৫ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ  
০৮ মে ২০১৮ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বদলগাছী উপজেলার উপজেলা পরিষদ জানে মসজিদের জন্য খতিব ও পেশ ইমাম ( পাঁচ ওয়াস্ত) হিসেবে একজন ইমাম আবশ্যিক। অগ্রহী ও যোগ্য প্রার্থীদের নিকট হতে নিম্নোক্ত শর্ত স্বাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

### শর্তাবলীঃ

- ১। প্রার্থীকে সাদা কাগজে নিজ হাতে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, মোবাইল নং, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ( যদি থাকে) উল্লেখ্য করতে হবে।
- ২। আবেদনের সাথে প্রার্থীর দুই কপি পাসপোর্ট সাইজের ছবি, নাগরিকত্বের সনদ, ভোটার আই.ডি ফটোকপি ও সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের ফটোকপি সংযোজন করতে হবে।
- ৩। ইমাম সাহেবকে দৈনিক পাঁচ ওয়াস্ত ও জুম্মার নামাযের ইমামতি করতে হবে।
- ৪। নূন্যতম শিক্ষাগত যোগ্যতা আলিম পাশ বা সমমানের হতে হবে। হাফেজদের জন্য অগ্রাধিকার রয়েছে।
- ৫। আবেদন পত্র " উপজেলা নির্বাহী অফিসার, বদলগাছী, নওগাঁ" বরাবর দরখাস্ত লিখে আগামী ১৪/০৫/২০১৮ খ্রিঃ তারিখ রোজ সোমবার দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে বদলগাছী ইসলামিক ফাউন্ডেশন অফিসে দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ৬। আগামী ১৪/০৫/২০১৮ খ্রিঃ তারিখ রোজ সোমবার বিকাল ৩.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সাক্ষাৎকার নেওয়া হবে। সাক্ষাৎকারের সময় সকল মূল সনদপত্র সঙ্গে আনতে হবে। এ জন্য প্রার্থীকে কোন টিএ বা ডিএ প্রদান করা হবে না।
- ৭। মাসিক সম্মানী ভাতা আলোচনা স্বাপেক্ষ।
- ৮। ইতোপূর্বে যারা আবেদন করেছেন, তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।
- ৯। নিয়োগদান, নিয়োগ স্থগিত বা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

আদেশক্রমে  
কর্তৃপক্ষ  
বদলগাছী, নওগাঁ।